# Times Today BD

শাহজাহান আলী বিপাশ | দেশজুড়ে | 11 May, 2025

ঝালকাঠির নলছিটি ও রাজাপুর উপজেলায় পুলিশের বিশেষ অভিযানে ছাত্রলীগ, আওয়ামী লীগ এবং যুবলীগের ৪জন নেতা গ্রেফতার হয়েছেন। জেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ এবং নাশকতা দমনে পরিচালিত 'অপারেশন ডেবিল হান্ট' নামে এ বিশেষ অভিযানে এই গ্রেফতার অভিযান পরিচালিত হয়।পুলিশ জানিয়েছে, এই ধরনের অভিযান চলমান থাকবে।

শনিবার (১০ মে) বেলা সাড়ে ১১টার দিকে নলছিটি ডিগ্রি কলেজের নিষিদ্ধ ঘোষিত ছাত্রসংগঠন ছাত্রলীগের সাবেক সভাপতি মোত্তাকি বিল্লাহ (৪৫) কে গ্রেফতার করে নলছিটি থানা পুলিশ। তিনি নলছিটি থানা সড়কের মৃত মাওলানা মোজাফফর হোসেনের ছেলে। নলছিটি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুস সালাম বলেন, "মোত্তাকি বিল্লাহর বিরুদ্ধে একাধিক মামলা রয়েছে। তাকে রবিবার আদালতের মাধ্যমে জেলহাজতে পাঠানো হবে।"

এর আগের দিন, শুক্রবার (৯ মে) রাতে পৃথক দুটি স্থানে অভিযান চালিয়ে আরও দুজনকে গ্রেফতার করে পুলিশ। তারা হলেন–ভৈরবপাশা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মো. মোস্তফা কামাল (৫৮) ও মগড় ইউনিয়নের শ্রীরামপুর এলাকার যুবলীগ সদস্য শফিকুল ইসলাম (৩৭)।মোস্তফা কামাল এলাকায় কামাল ব্যাপারী নামে পরিচিত, এবং শফিকুল ইসলাম শহিদুল ইসলামের ছেলে।

নলছিটি থানার ওসি মো. আব্দুস সালাম জানান, "বিশেষ অভিযান 'অপারেশন ডেবিল হান্ট'-এর অংশ হিসেবে তাদের গ্রেফতার করা হয়েছে। শনিবার (১০ মে) দ্রুত বিচার আইনে তাদের বিরুদ্ধে মামলা দিয়ে আদালতে পাঠানো হয়েছে।"

অপরদিকে 'অপারেশন ডেবিল হান্ট'-এর অংশ হিসেবে শনিবার রাত ৯টার দিকে রাজাপুর উপজেলার পপুলার ডায়াগনস্টিক সেন্টার থেকে রাজাপুর উপজেলা যুবলীগের সভাপতি মো. সবুর হাওলাদারকে আটক করে রাজাপুর থানা পুলিশ। তার বিরুদ্ধে ঝালকাঠি জেলা বিএনপি অফিসে হামলা, ভাঙচুর ও অগ্নিসংযোগের অভিযোগে দায়ের করা মামলায় গ্রেফতার দেখানো হয়েছে।

বিষয়টি নিশ্চিত করে রাজাপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি মো. ইসমাইল হোসেন বলেন, পূর্বের দায়ের করা মামলায় তাকে আটক করে আদালতে পাঠানো হয়েছে।

ঝালকাঠির পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায় জানান, "অপারেশন ডেবিল হান্ট মূলত সন্ত্রাস, নাশকতা, চাঁদাবাজি ও উচ্ছৃঙ্খল রাজনৈতিক তৎপরতা দমনের লক্ষ্যেই পরিচালিত হচ্ছে।যেই অপরাধ করুক, তাকেই আইনের আওতায় আনা হবে।"

অভিযান চলাকালে এলাকায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়। অনেকেই এই অভিযানকে স্বাগত জানিয়েছেন, কেউ কেউ আবার রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত বলেও মন্তব্য করেছেন।তবে প্রশাসন জানিয়েছে, এটি সম্পূর্ণ অপরাধ দমনের উদ্দেশ্যে পরিচালিত হচ্ছে।

ঝালকাঠি আওয়ামী লীগ ছাত্রলীগ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:37

URL: https://www.timestodaybd.com/across-the-country/2287775762